গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-৮
www.moa.gov.bd

স্মারক নং-১২.১৫.০০০০.০৯০.১৪.০১৬.১৬-৭৮ তারিখঃ ১২/০৯/২০১৭খ্রিঃ

বিষয়ঃ জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) কর্তৃক বাস্তবায়নাধীন "জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পের উপর ০৫/০৯/২০১৭ তারিখে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটি ২য় সভার কার্যবিবরণী প্রেরণ।

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) কর্তৃক বাস্তবায়নাধীন "জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পের উপর গত ০৫/০৯/২০১৭ তারিখে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটি ২য় সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১২/৯/২০১৭
(ড. মোঃ মাহমুদুর রহমান)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৫২৮৬৬

বিতরণ ঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলানগর, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ),কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগ প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন শেরে বাংলা নগর, ঢাকা।
৫। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৭। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৮। মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি, গাজীপুর, ঢাকা।
৯। যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১০। যুগ্ম-প্রধান (ফসল উইং), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এজিইডি),আগারগাঁও, ঢাকা (দৃঃ আঃ জনাব আহমেদ আজিজ শিবলী, নির্মাণ পরিদর্শন প্রকৌশলী)
১২। উপ-প্রধান-১/২, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। পরিচালক (প্রশিক্ষণ) বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
১৪। পরিচালক (প্রশিক্ষণ) জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর, ঢাকা।
১৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, টেকনিক্যাল সাপোর্ট, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এজিইডি),আগারগাঁও, ঢাকা (বিশেষ আমন্ত্রণে)।
১৬। প্রকল্প পরিচালক, "জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী শক্তিশালীকরণ", জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি, গাজীপুর, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ
১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, আইসিটি সেল কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। অফিস কপি/গার্ড ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-৮
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী শক্তিশালীকরণ প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

কৃষি মন্ত্রণালয়ের আওতায় জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী (নাটা) কর্তৃক বাস্তবায়নাধীন "জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভা গত ০৫/০৯/২০১৭ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-ক'তে সন্নিবেশিত হলো।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি প্রকল্পের এ পর্যন্ত আর্থিক ও বাস্তব অগ্রগতি এবং ভবিষ্যত কর্মপরিকল্পনা তুলে ধরার জন্য প্রকল্প কর্তৃপক্ষকে অনুরোধ জানান। সে পরিপ্রেক্ষিতে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির মহাপরিচালক প্রকল্পের অগ্রগতি এবং ২০১৭-১৮ অর্থবছরের কর্মপরিকল্পনা তুলে ধরেন। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের পক্ষ থেকে উক্ত সংস্থা কর্তৃক এ প্রকল্পের বিভিন্ন নির্মাণ কাজ সম্পাদনের অগ্রগতি ও ভবিষ্যত কর্ম-পরিকল্পনা তুলে ধরা হয়।

৩। উপস্থাপনা ও আলোচনাঃ

৩.১। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি'র (নাটা) মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ৪৮.২৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে অক্টোবর, ২০১৫ হতে জুন, ২০২০ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৫/০১/২০১৬ তারিখে প্রকল্পটি একনেক কর্তৃক অনুমোদিত হয় এবং গত ১৮/০২/২০১৬ তারিখে মন্ত্রণালয় থেকে প্রশাসনিক অনুমোদন আদেশ জারী করা হয়। প্রকল্পটির উদ্দেশ্যসমূহ হল: মানসম্মত প্রশিক্ষণ প্রদানের উপযোগী করার জন্য একাডেমির ভৌত অবকাঠামো উন্নয়ন, নাটার প্রশিক্ষণ সুবিধাদি বৃদ্ধি ও আধুনিকায়ন করা, এবং নাটার অনুষদ সদস্যদের পেশাগত দক্ষতা বৃদ্ধিকরণ।

৩.২। তিনি সভায় উল্লেখ করেন যে, প্রকল্পের আওতায় প্রধান কার্যক্রমগুলো হল: মেরামত, রক্ষণাবেক্ষণ ও পুনর্বাসন (অফিস ভবন, আবাসিক ভবন, ডরমেটরি রিমডেলিং ও রেনোভেশন, লেবারশেড, অডিটোরিয়াম আপ-গ্রেডেশন ইত্যাদি), যানবাহন ক্রয়, অফিস ইক্যুইপমেন্ট ও আসবাবপত্র ক্রয়, নির্মাণ ও পূর্ত কাজ (ডিজি বাংলো, প্রশিক্ষণ ভবন, ডরমেটরি নির্মাণ, ক্যাফেটেরিয়া সম্প্রসারণ, মেডিক্যাল সেন্টার, ডে-কেয়ার সেন্টার, গেস্ট হাউজ নির্মাণ, করিডোর নির্মাণ), বাউন্ডারি ওয়াল নির্মাণ, আরসিসি রোড নির্মাণ, ওভারহেড ট্যাংক এন্ড আন্ডারগ্রাউন্ড রিজার্ভার নির্মাণ, ফার্ম রোড, সারফেস ড্রেন, ডিপ টিউবওয়েল স্থাপন ও এক্সটারনাল ইলেক্ট্রিফিকেশন।

৩.৩। নাটা মহাপরিচালক সভায় জানান যে, আলোচ্য প্রকল্পটি ২০১৫-১৬ অর্থ বছরের শেষের দিকে অনুমোদিত হওয়ায় উক্ত অর্থ বছরে এ প্রকল্পের অনুকূলে মোট ১.৭০ কোটি টাকা বরাদ্দের বিপরীতে ১.৫৩ কোটি টাকা ব্যয় এবং বাস্তবায়ন হার ছিল প্রায় ৯০ শতাংশ। গত অর্থ বছরে বরাদ্দকৃত ৪.৫০ কোটি টাকার মধ্যে ৪.৩৭ কোটি টকা খরচ হয় এবং বাস্তবায়ন হার ছিল প্রায় ৯৭ শতাংশ।

৩.৪। ২০১৭-১৮ অর্থ বছরের কর্মপরিকল্পনা উপস্থাপন করে নাটা মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, চলতি অর্থ বছরে এডিপি'তে প্রকল্পটির অনুকূলে মোট ১১.৬৭ কোটি (রাজস্ব-৬.০৬ কোটি ও মূলধন-৫.৬১ কোটি) টাকা বরাদ্দ রয়েছে। চলতি অর্থ বছরের কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত প্রধান কার্যক্রমগুলো হল: বেতন-ভাতাদি, বিদেশে এক্সপোজার ভিজিট, কনসালটেন্সি সার্ভিস, মেরামত, রক্ষণাবেক্ষণ ও পুনর্বাসন, ডিজি বাংলো, ট্রেনিং কমপ্লেক্স এবং ডরমেটরি নির্মাণ, বাউন্ডারী ওয়াল, ফার্মরোড, সারফেস ফার্ম ড্রেন নির্মাণ। সভায় এসব বিষয়ে পর্যালোচনাক্রমে ডিপিপি'র সংস্থান সীমার মধ্যে ২০১৭-১৮ অর্থ বছরের কর্মপরিকল্পনাটি সভার আলোচনামতে সংশোধন সাপেক্ষে অনুমোদন করা হয়।

৩.৫ সভায় বর্তমান অর্থবছরের কর্মপরিকল্পনার পাশাপাশি পুরো প্রকল্প মেয়াদের জন্য কর্মপকিল্পনা চূড়ান্ত করে সময়ভিত্তিক কার্যক্রম গ্রহণের জন্য প্রকল্প পরিচালককে তাগিদ দেয়া হয়। এছাড়া, প্রকল্পের সকল নির্মাণ ও মেরামত সংশ্লিষ্ট কাজের অগ্রগতি সুনির্দিষ্টভাবে পরিবীক্ষণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সম্পাদনের জন্য প্রকল্প পরিচালককে সর্তক করে আরও তৎপর হওয়ার নির্দেশনা দেয়া হয়।

৩.৬ সভায় বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক নাটার পানি নিষ্কাশন ব্যবস্থা পুনর্বাসনের ফলে যেন তাঁর সংস্থায় জলাবদ্ধতা তৈরী না হয় সেদিক লক্ষ্য রাখার জন্য অনুরোধ জানান। নাটা'র পক্ষ থেকে সে পরিপ্রেক্ষিতে জানানো হয় যে, নাটা'র পানি নিষ্কাশন ব্যবস্থার সাথে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের জলাবদ্ধতা সংশ্লিষ্ট নয়। নাটা'র ডরমিটরীসমূহের একটি অংশ আধুনিক ও বিদেশী প্রশিক্ষণার্থীদের জন্য উপযোগী করে তৈরীর জন্য বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালকের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে এ ধরণের সুযোগ সুবিধা তৈরীর জন্য পৃথক প্রকল্প নেয়া যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। তাছাড়া, বিদেশী প্রশিক্ষণার্থী আসার সম্ভাব্যতাও যাচাই করা প্রয়োজন মর্মে সভায় মতামত উপস্থাপিত হয়।

৩.৭ সভায় এলজিইডি'র পক্ষ থেকে তত্ত্বাবধায়ক প্রকৌশলী তাদের অংশের কার্যক্রমের অগ্রগতি তুলে ধরেন। তিনি জানান যে, প্রকল্পের আওতায় তাদের জন্য নির্ধারিত সকল ভৌত কাজের দরপত্র আহবান আগামী মার্চ ২০১৮ এর মধ্যে শেষ হবে। সভাপতি মহোদয় সে প্রেক্ষাপটে এলজিইডি'র জন্য নির্ধারিত সকল কাজের দরপত্র আহবান ডিসেম্বর ২০১৭ এর মধ্যে সমাপ্ত করে আগামী ডিসেম্বর ২০১৮ এর মধ্যে সকল পূর্ত কাজ সম্পাদন করে নাটা কর্তৃপক্ষের নিকট মার্চ ২০১৯ এর মধ্যে অবকাঠামো বুঝিয়ে দেয়ার জন্য অনুরোধ জানান। এলজিইডি'র প্রতিনিধি কৃষি মন্ত্রণালয়ের অনুরোধমতে কার্যক্রম সম্পাদনের প্রতিশ্রুতি দেন।

৩.৮ সভায় প্রকল্পের আওতায় নাটাতে Overhead Tank নির্মাণের বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে এলজিইডি'র পক্ষ থেকে জানানো হয় যে, নাটার অবকাঠামোগত বৈশিষ্ট্য বিবেচনায় Overhead Tank নির্মাণ করার কোন প্রয়োজন আছে মর্মে প্রতীয়মান না হওয়ায় এ কাজটি প্রকল্প থেকে বাদ দেয়া যেতে পারে। Overhead Tank নির্মাণ কার্যক্রম বাদ দেয়া হলে সাশ্রয়কৃত অর্থ দিয়ে অন্যান্য ভৌত সুবিধাদির পরিমাণ বৃদ্ধি করা সম্ভব হবে। সভায় এ বিষয়ে নাটা কর্তৃপক্ষকে আরও পর্যালোচনা করে প্রকল্প সংশোধনের পূর্বেই সিদ্ধান্ত নেয়ার জন্য নির্দেশনা দেয়া হয়।

৩.৯ সভায় পরিকল্পনা কমিশনের প্রতিনিধি বর্তমান অর্থ বছরে এক্সপোজার ভিজিটের সংখ্যা কমানো, দেশীয় প্রশিক্ষণের পরিমাণ বাড়ানো এবং প্রকল্পের অগ্রগতি মনিটরিং জোরদার করার জন্য সুপারিশ করেন। এছাড়া মিড-টার্ম ইভ্যালুয়েশন বর্তমান অর্থ বছরে না করার জন্যও তিনি অনুরোধ জানান। পরিকল্পনা কমিশনের প্রতিনিধি কারিকুলাম বিষয়ক বিশেষজ্ঞ নিয়োগের মাধ্যমে প্রকল্পে কী কী কাজ সম্পাদন করা হয়েছে তা জানতে চাইলে প্রকল্প কর্তৃপক্ষ সে বিষয়ে বিস্তারিত সভাকে অবহিত করেন।

৪। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

৪.১। প্রকল্পের অনুকূলে ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিতে বরাদ্দকৃত ১১.৬৬ কোটি টাকার বিস্তারিত কর্মপরিকল্পনা ডিপিপির সংস্থানের মধ্যে সীমাবদ্ধ থেকে নিম্নোক্ত সংশোধন সাপেক্ষে বাস্তবায়নের জন্য অনুমোদন করা হলো;

(ক) অফিস ভবনসহ অন্যান্য পূর্ত কাজের মধ্যে যেসব কাজের দরপত্র ইতোমধ্যে চূড়ান্ত হয়েছে তার আলোকে অর্থের প্রকৃত চাহিদার নিরীখে কর্মপরিকল্পনায় বরাদ্দ রাখা যেতে পারে;

(খ) বর্তমান অর্থ বছরে একটি গ্রুপের জন্য এক্সপোজার ভিজিটের ব্যবস্থা করতে হবে। ডিপ্লোমা কোর্সসহ অন্যান্য প্রশিক্ষণের পরিমাণ যথাসম্ভব বৃদ্ধি করতে হবে এবং সম্ভব হলে বর্তমান অর্থ বছরে প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত করতে হবে।

(গ) প্রগ্রেস মনিটরিং জোরদার করার জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করতে হবে। মিড-টার্ম ইভ্যালুয়েশন কার্যক্রম বর্তমান অর্থ বছরের কর্মপরিকল্পনা থেকে বাদ দিতে হবে।

৪.২। এলজিইডি ডিসেম্বর, ২০১৭ এর মধ্যে প্রকল্পের আওতায় উক্ত সংস্থার দ্বারা সম্পাদনের জন্য নির্ধারিত সকল দরপত্র আহবান করবে এবং যথাসময়ে কার্যাদেশ প্রদান করে সকল নির্মাণ এবং অন্যান্য পূর্ত কাজ ২০১৮ সালের মধ্যে শেষ করবে।

৪.৩। Overhead Tank নির্মাণের বিষয়ে নাটা কর্তৃপক্ষ এলজিইডি'র সাথে আলোচনাক্রমে যথোপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করবে। মেইন রোড থেকে নাটা পর্যন্ত আরসিসি রোড নির্মাণ কার্যক্রম প্রকল্পে নির্ধারিত সময়ের মধ্যেই সম্পাদন করতে হবে।

৪.৪। প্রকল্পের বিভিন্ন নির্মাণ/মেরামত/রক্ষণাবেক্ষণ ও পূনর্বাসন কাজে অর্থ সাশ্রয় হবে বিবেচনায় সে অর্থ দিয়ে নতুন ভাবে নির্মিত ভবনসমূহের ভৌত এলাকা বৃদ্ধি করতে হবে। এ বিষয়ে ডিপিপি সংশোধনের প্রয়োজন হবে বিবেচনায় সংশোধিত ডিপিপি আগামী জানুয়ারি ২০১৮ সালের মধ্যে সংশোধন করে কৃষি মন্ত্রণালয়ে জমা দিতে হবে।

৪.৫। প্রকল্পটি জুন ২০১৯ এর মধ্যে সমাপ্ত করার বিষয়টি ডিপিপি সংশোধনকালে বিবেচনা করতে হবে।

৫। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১.০৭.১৭

(মোহাম্মদ মঈনউদ্দিন আবদুল্লাহ)
সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়।

"জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভায় (০৫/০৯/২০১৭) উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ

| ক্রমিক নং | নাম | পদবী ও ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | মো: নজরুল ইসলাম | অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয় | [signature] ৫/৯ |
| ২। | মো: মোবারক হোসেন | ঐ | [signature] ৫/৯ |
| ৩। | মো: আনোয়ার হোসেন | যুগ্মসচিব, কৃষি মন্ত্রণালয় | [signature] ৫/৯ |
| ৪। | মো: মাহবুবুল হক পাটওয়ারী | উপসচিব, কৃষি মন্ত্রণালয় | [signature] ৫/৯ |
| ৫। | দীপক কুমার সরকার | উপপ্রধান, কৃষি মন্ত্রণালয় | [signature] ৫/৯/১৭ |
| ৬। | মো: মাহমুদুর রহমান | সিনিয়র সহকারী প্রধান, কৃষি মন্ত্রণালয় | [signature] ৫/৯/১৭ |
| ৭। | মোহাম্মদ মামুনুল হক ভূঁইয়া | সহকারী প্রধান, পরিকল্পনা কমিশন | [signature] ৫/৯/১৭ |
| ৮। | [illegible] | [illegible] | [signature] |
| ৯. | মো: গোলাম মারুফ | মহাপরিচালক, ডিএই | [signature] ৫/৯/১৭ |
| ১০. | ড: আবদুল জলিল আহমদ | [illegible] পরিচালক, বিনা [illegible] | [signature] ৫/৯/১৭ |
| ১১. | ড. মো: [illegible] | মহাপরিচালক, [illegible] | [signature] |
| ১২ | [illegible] | [illegible] | [signature] ৫/৯/১৭ |
| ১৩. | মোহাম্মদ আনোয়ার উদ্দিন | উপপ্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন | [signature] ৫/৯/১৭ |

| ক্রমিক নং | নাম | পদবী ও ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৪ | মীর নূরুল আলম | পরিচালক (প্রশিক্ষণ) নাটা | [signature] |
| ১৫ | ড. এস এম খোরশেদ আলম | পরিচালক (জনশক্তি ও প্রশিক্ষণ) বিএআরসি, ফার্মগেট ঢাকা | [signature] |
| ১৬ | ফেরদৌসী ইয়াসমিন | সিনিয়র সহকারি পরিচালক এস্টাবলিশমেন্ট নাটা প্রকল্প, গাজীপুর | [signature] |
| ১৭ | মিজানুর রহমান | সহপরিচালক, নাটা | [signature] |